**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
Web: www.ntcc.gov.bd

স্মারক নং : স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/টাস্কফোর্স/২০২২/০২/২০৯ **তারিখ:** ২৩ ভাদ্র, ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর, ২০২৫

**প্রজ্ঞাপন**

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮ মার্চ, ২০২২ তারিখের স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/টাস্কফোর্স/২০২২/০২/১৩৫১ নং স্মারকে জারিকৃত ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে বিভাগীয় টাস্কফোর্স কমিটি পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটির কমিটি'র কার্যপরিধি সংশোধনপূর্বক এতদ্বারা প্রতিস্থাপন করা হলো:

**"ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে বিভাগীয় টাস্কফোর্স কমিটি"**

| | | |
|---|---|---|
| ০১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ০২. | ডেপুটি ইনস্পেক্টর জেনারেল – ডিআইজি, বিভাগীয় রেঞ্জ | সদস্য |
| ০৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট বিভাগীয় শহর) | সদস্য |
| ০৪. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয় | সদস্য |
| ০৫. | পরিচালক – স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় | সদস্য |
| ০৬. | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ০৭. | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৮. | উপ-মহাপরিচালক, বিভাগীয় রেঞ্জ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | সদস্য |
| ০৯. | উপ-প্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস | সদস্য |
| ১০. | পরিচালক, আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ১১. | পরিচালক, বিভাগীয় কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১২. | অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য |
| ১৩. | উপ-পরিচালক, বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৪. | বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৫. | উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সদস্য |
| ১৬. | উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| ১৭. | উপ-পরিচালক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৮. | বিভাগীয় শহরের উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১৯. | বিভাগীয় শহরের উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ২০. | বিভাগীয় শহরের জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২১. | বিভাগীয় শহরের জেলা ক্রীড়া কর্মকর্তা | সদস্য |
| ২২. | বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় | সদস্য |
| ২৩. | বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের প্রতিনিধি | সদস্য |
| ২৪. | বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি | সদস্য |
| ২৫. | বাংলাদেশ বার কাউন্সিল-এর প্রতিনিধি | সদস্য |
| ২৬. | প্রেসক্লাব-এর বিভাগীয় প্রতিনিধি/সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| ২৭. | তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠনের প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৮. | সভাপতি/প্রতিনিধি, চেম্বার অব কমার্স | সদস্য |
| ২৯. | বিভাগীয় পরিচালক- স্বাস্থ্য | সদস্য সচিব |

**বিভাগীয় টাস্কফোর্স কমিটির কার্যক্রম:**

০১. বিভাগীয় পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (সংশোধিত ২০১৩) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

০২. টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠান ধূমপানমুক্ত করা। এ লক্ষ্যে টাস্কফোর্স কমিটির সদস্য ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশ/বহির্গমন পথ ও অন্যান্য দৃশ্যমান স্থানে নো-স্মোকিং সাইনেজ স্থাপন;

০৩. বিভাগীয় পর্যায়ে জনসাধারণকে তামাক নিয়ন্ত্রণ আইন পালনে উদ্বুদ্ধকরণ ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

০৪. বিভাগীয় পর্যায়ে টাস্কফোর্স কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন মনিটরিং করা এবং টাস্কফোর্সের সভাপতি ও সদস্য সচিব এর নিকট প্রতিবেদন প্রেরণ;

০৫. টাস্কফোর্স কমিটির সভায় মনিটরিং প্রতিবেদন উপস্থাপন এবং অগ্রগতি আলোচনাকরণ। বিশেষ করে, মোবাইল কোর্টের কার্যকারিতা বৃদ্ধিকল্পে উপযুক্ত কর্মপন্থা নিয়ে আলোচনা;

০৬. তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের লক্ষ্যে জেলা-উপজেলায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে তামাকমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনের নিমিত্ত নিয়মিত নির্দেশনা প্রদান;

০৭. প্রতি ৩ মাসে বিভাগীয় টাস্কফোর্স কমিটির ১টি সভা আয়োজন নিশ্চিত করা। এ সভায় আবশ্যিকভাবে আইন বাস্তবায়ন সংশ্লিষ্ট সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন। এ ছাড়া, সভার পূর্বের ৩ মাসের উদ্যোগ ও পরবর্তী ৩ মাসের পরিকল্পনা নিয়ে আলোচনা;

০৮. (ক) 'অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)' বিভাগীয় কমিশনার কার্যালয়ের তামাক নিয়ন্ত্রণ বিষয়ক ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বিভাগীয় কমিশনারের পক্ষে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্যালয়ের সঙ্গে সমন্বয়সহ টাস্কফোর্স কমিটির সভা আয়োজনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

(খ) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল থেকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নে প্রতি অর্থবছর বিভাগীয় কমিশনার বরাবর প্রেরিত আর্থিক বরাদ্দ ও ব্যয়ের নথিপত্র বিভাগীয় কমিশনার কার্যালয় কর্তৃক সংরক্ষণ করতে হবে;

(গ) বরাদ্দ প্রাপ্তির বিস্তারিত তথ্য টাস্কফোর্সের প্রথম সভায় অবহিত করতে হবে। এ ছাড়া, অর্থ ব্যয়ের হিসাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

০৯. (ক) বিভাগীয় টাস্কফোর্স কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর তত্ত্বাবধানে বিভাগীয় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি নামে একটি পৃথক ফাইল সংরক্ষিত থাকবে। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) মনোনীত প্রথম শ্রেণির একজন কর্মকর্তা ফোকাল পার্সন হিসেবে ফাইল সংরক্ষণ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। তিনি সভার কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলে প্রেরণ নিশ্চিত করবেন। মনোনীত ফোকাল পার্সনের নাম/পদবি, মোবাইল ফোন নাম্বার ও ইমেইল আইডি জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

(খ) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল থেকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নে প্রতি অর্থবছর বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) বরাবর প্রেরিত আর্থিক বরাদ্দ ও ব্যয়ের নথিপত্র বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্যালয় কর্তৃক সংরক্ষণ করতে হবে;

(গ) বরাদ্দ প্রাপ্তির বিস্তারিত তথ্য টাস্কফোর্সের প্রথম সভায় অবহিত করতে হবে। এ ছাড়া, অর্থ ব্যয়ের হিসাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

১০. প্রতি ০৩ মাস পর পর নির্ধারিত ফরমেট অনুসারে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলে প্রেরণ;

১১. জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল কর্তৃক অর্পিত ও সরকারের তামাক নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালন;

১২. এই কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

07.9.2025

(মোঃ আখতারউজ-জামান)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ২২৩৩৫৫১৩৫
E-mail: dgntcc@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
১৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. ইনস্পেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি), পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
২০. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২১. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।
২২. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঢাকা।
২৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৫. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২৬. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
২৭. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
২৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
২৯. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
৩০. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৩১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর।
৩২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৩৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
৩৫. বিভাগীয় কমিশনার (সকল)।
৩৬. বিভাগীয় পরিচালক – স্বাস্থ্য (সকল)।
৩৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর।
৩৮. যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৪০. পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৪১. রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ঢাকা।
৪২. জেলা প্রশাসক (সকল)।
৪৩. সিভিল সার্জন (সকল)।
৪৪. সিনিয়র সহকারী সচিব (বিশ্বস্বাস্থ্য ২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪৬. WHO Representative to Bangladesh, House No. SW(I) 1/A, Road # 8, Gulshan-1, Dhaka-1212, Bangladesh
৪৭. সভাপতি/ সেক্রেটারী, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৪৮. সভাপতি / মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, ঢাকা।
৪৯. সভাপতি/ সেক্রেটারী, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।
৫০. সমন্বয়কারী, বাংলাদেশ তামাক বিরোধী জোট, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
০২. অতিরিক্ত মহাপরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
০৩. পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
০৪. উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
০৫. লাইন ডাইরেক্টর (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
০৬. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৭. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।